

ইসলামী ব্যাংক ও এসআইবিএলের ব্যাখ্যা

গত ৩ অক্টোবর 'বেনামি সন্দেহে তিন ব্যাংকের ৩২৭০ কোটি টাকার ঋণ' শিরোনামে সমকালে প্রকাশিত রিপোর্টের ওপর বক্তব্য দিয়েছে দুটি ব্যাংক। ইসলামী ব্যাংক বাংলাদেশ ও সোশ্যাল ইসলামী ব্যাংক থেকে পাঠানো ব্যাখ্যায় বলা হয়েছে, গ্রাহকের ব্যবসায়িক অভিজ্ঞতা ও চাহিদা বিবেচনায় ঋণ অনুমোদন করা হয়েছে। প্রতিবেদনের এমন তথ্য যথাযথ নয়।

ইসলামী ব্যাংকের বক্তব্যে বলা হয়েছে, নাবিল গ্রুপকে দেওয়া ইসলামী ব্যাংকের বিনিয়োগ বিষয়ে যে তথ্য প্রকাশিত হয়েছে তা যথাযথভাবে উপস্থাপিত হয়নি। ১৮ বছর ধরে সূনামের সঙ্গে ব্যবসা পরিচালনা করে তারা বর্তমানে ১৫টি প্রতিষ্ঠানের বৃহৎ শিল্প গ্রুপে পরিণত হয়েছে। গ্রাহকের ব্যবসায়িক স্থাপনা, চলতি মূলধনের প্রয়োজনীয়তা, ব্যবসায়িক অভিজ্ঞতা, সরবরাহ ব্যবস্থাপনাসহ সব নীতিমালা ও নিয়ন্ত্রক সংস্থার নির্দেশনা অনুসরণ করেই বিনিয়োগ করা হয়েছে। সম্প্রতি আমদানি বৃদ্ধি, ডলারের রেট বেড়ে যাওয়া এবং নাবিল গ্রুপের ব্যবসা সম্প্রসারিত হওয়ায় যথাযথ মূল্যায়ন করে পর্যাপ্ত জামানত গ্রহণ ও ব্যাংকের নিয়মাচার মেনেই বিনিয়োগ সীমা বাড়ানো হয়েছে। বিনিয়োগকৃত অর্থ তাদের ব্যবসায়িক কর্মকাণ্ডে ব্যবহৃত হচ্ছে।

এসআইবিএলের বক্তব্যে বলা হয়েছে, নাবিল গ্রুপের বিনিয়োগ অনুমোদন সম্পর্কিত প্রতিবেদনটি যথাযথ তথ্যভিত্তিক নয়। যথাযথ নিয়ম অনুসরণ, ব্যবসায়িক চাহিদা মূল্যায়ন ও গ্রাহকের দীর্ঘদিনের ব্যবসায়িক অভিজ্ঞতা বিবেচনা করে বিনিয়োগ অনুমোদন করা হয়েছে, যা একক গ্রাহক সীমার মধ্যে আছে। খাদ্যদ্রব্য ও নিত্যপ্রয়োজনীয় দ্রব্য সামগ্রীর চাহিদা ও সরবরাহ নিশ্চিত করতে অনুমোদিত বিনিয়োগের একটি অংশ বিতরণ করা হয়েছে। বিতরণ করা বিনিয়োগের বিপরীতে পর্যাপ্ত সহজামানত লিয়েন আছে।

প্রতিবেদকের বক্তব্য : বাংলাদেশ ব্যাংকের প্রতিবেদন এবং ব্যাংকের নথির ভিত্তিতে প্রতিবেদনটি প্রস্তুত করা হয়। এ বিষয়ে ব্যাংকের বক্তব্যের জন্য সব ধরনের চেষ্টা করেও পাওয়া যায়নি।